

আনিয়া দিলেন কাঁথা গোস্বামীর স্থানে।  
 দুই টাকা মূল্য হ'ল বলিল তখনে।।  
 আইল সিংহের নারী মূল্য লইবারে।  
 তারক দিলেন দুই টাকা মূল্য তারে।।  
 গোস্বামী কহিছে কথা কাঁথাখান খুলে।  
 'এ কাঁথার মূল্য তুমি কয় টাকা দিলে।।  
 সুন্দর সেলাই নাহি এ কাঁথার তুল্য।  
 এ কাঁথার হইবেক চারিটাকা মূল্য।।  
 এ কাঁথার মূল্য হইবেক চারিটাকা।  
 দুইটাকা দিব কেন আমি নহি বোকা।।  
 গোস্বামী নিকটে তবে কহে দুই নারী।  
 গললগ্নী কৃত-বাসে করজোড় করি।।  
 'কি কারণে চারিটাকা মূল্য মোরা নি'ব।  
 লইয়া সাধুর টাকা পাপিনী হইব।।'  
 'তোমরা বিধবা নারী, গোস্বামী কহয়।  
 'কেহ কিছু সাহায্য করিলে ভাল হয়।।  
 কাঁথামূল্য দুইটাকা কর অনুমান।  
 আর দুইটাকা আমি করিলাম দান।।  
 অবশ্য আমার বাক্য করহ গ্রহণ।  
 কদাপি আমার বাক্য না কর লঙ্ঘন।।  
 সাধু ব'লে আমারে করহ যদি গণ্য।  
 বাক্য না রাখিলে হবে সাধুর অমান্য।।  
 চারিটাকা নিল তারা সন্তুষ্ট হইয়া।  
 গোস্বামী সন্তুষ্ট হ'ল চারিটাকা দিয়া।।  
 ভাদ্রমাসে একদিন বৈকাল বেলায়।  
 গৌঁসাই আসিয়া ঘাটে হাঁটিয়া বেড়ায়।।  
 বরষার জলগেছে বাড়ীর নিকট।  
 জলকুল জড়াইয়া নিশ্চাইল ঘাট।।  
 কাষ্ঠ বেচা নৌকা যায় লোহাগড়া হাটে।  
 ডাক দিয়া সেই নৌকা লাগাইল ঘাটে।।  
 তারক আসিলা সেই কাষ্ঠ কিনিবারে।  
 কাষ্ঠ কিনিলেন নয় আনা ঠিক করে।।

কাষ্ঠ নামাইয়া দিল কাষ্ঠ বিক্রেতারা।  
 ফেদিথামে বসতি মুসলমান তারা।।  
 নয় আনা মূল্য এনে তারক দিয়াছে।  
 'কি কর কি কর' ডেকে ঠাকুর কহিছে।।  
 তারক বলেছে 'এ কাষ্ঠের দাম দেই।'  
 গোস্বামী বলেন 'তুমি কর নাকি এই।।  
 কত কষ্টে কাষ্ঠ বেচে ইহারা দুঃখিত।  
 বুঝে এর মূল্য দেওয়া তোমার উচিত।।'  
 তারক কহিছে 'যে সময় হ'ল কেন।  
 দাম ঠিক ইহার করেছি নয় আনা।।'  
 সাধু কহে 'নয় আনা দিতে পারিবে না।  
 আর চারি আনা দিয়া দেহ তের আনা।।  
 মিঞারা কহিছে 'মোরা বেশী কেন নিব।  
 নয় আনা বেচিয়াছি তাহা ল'য়ে যা'ব।।'  
 লোচন কহিছে 'দাম নেও তের আনা।  
 তাহা না নিলে নিতে হ'বে সতের আনা।।'  
 মিঞারা কহিছে 'সাধু চরণে সেলাম।  
 ন'আনার বেশী মোরা না লইব দাম।।'  
 তারক দিলেন একটাকা একআনা।  
 মিঞারা কহিছে 'তাহা নিতে পারিব না।  
 তের আনা দিয়া শেষে কত সাধাসাধি।  
 তারা কহে 'বেশী নিলে হ'ব অপরাধী।।  
 তোমরা বলহ পাপ মোরা কহি গোপা।  
 মুখের জবান গেলে কিছুই থাকে না।।  
 দুনিয়ায় খাঁটি যার মুখের জবান।  
 দুনিয়ার মধ্যে সেই খাঁটি মুসলমান।।'  
 নয় আনা নিয়া তারা অতিরিক্ত মূল্য।  
 কূলে ফেলে দিয়া, নৌকা ভাসাইয়া দিল।।  
 লোচন তারকে কহে 'এই তো ক্ষমতা।  
 মূল্য দিতে পারিলে না গেল মোর কথা।।'  
 তারক টানিয়া ধরে নৌকা মিঞাদের।  
 তোমরা নিলে না মূল্য মোর কর্মফের।।